গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত** ডিসেম্বর **২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : নাছিমা বেগম এনডিসি<br>সচিব, মহিলাও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : ১৩ ডিসেম্বর ২০১৭, বেলা ৩:০০ ঘটিকা। |
| স্থান | : সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : **পরিশিষ্ট-'ক'** |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। নভেম্বর ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতপর: বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১০/৭/২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা এবং ১/১১/২০১৫ তারিখে তাঁর 'কোন শিশু রাস্তায় ঘুমাবেনা' মর্মে ঘোষণার বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর ৭টি নির্দেশনা সম্পূর্ণরূপ বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ৩টি নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩.১ | ▪ শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে।<br>▪ 'কোন শিশু রাস্তায় ঘুমাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা। | সভাকে অবহিত করা হয় যে, ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ সম্পন্ন হয়েছে এবং "পথশিশু ও ঝুঁকিতে থাকা শিশুদের পুনর্বাসন" শীর্ষক নতুন প্রকল্পের ডিপিপি সংশোধন করা হয়েছে। প্রকল্পের জনবলের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |
| ৩.২ | মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প- (১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর), (২)মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প, (৩) ভিজিডি-ইউপি প্রকল্পের বাদ পড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। | সভাকে অবহিত করা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে নিয়োগবিধি ও সাংগঠনিক কাঠামো পাওয়া গিয়েছে। শীঘ্রই জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |
| ৩.৩ | বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জানান সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজের জন্য গণপূর্ত অধিদপ্তর থেকে ২৫,৮৭,৩৩৮/-(পঁচিশ লক্ষ সাতাশি হাজার তিনশত আটত্রিশ) টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে। সে মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটের অফিস ভবন মেরামত খাতের ব্যয় বিভাজন করা হচ্ছে। তিনি বলেন,গণপূর্ত বিভাগের | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | প্রধান প্রকৌশলী জানিয়েছেন সচিবালয়ের মসজিদের পাশের টিনসেড ভবন ভেঙ্গে নির্মিতব্য বহুতল ভবনে সচিবালয়ের নতুন শিশু দিবাযত্ন কেন্দ্রের ব্যবস্থা রাখা হবে। | | |

৪। সভায় মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪.১ | **২১/৪/২০১৪ তারিখের বৈঠকঃ** মন্ত্রিসভা বৈঠকে বিগত ১৫/৮/১৯৭৫ হতে ৯/৪/১৯৭৯ এবং ২৪/৩/১৯৮২ হতে ১১/১১/১৯৮৬ সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে যে সব অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হবে সেগুলো স্টেক হোল্ডার ও সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করে যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নির্দেশ দেয়া হয়। | সভাকে অবহিত করা হয় যে, "বাংলাদেশ শিশু একাডেমি আইন ২০১৭" হালানাগাদ করা হয়েছে। আইন প্রণয়নের সকল ধাপ সম্পন্ন করে মন্ত্রিসভা-বৈঠকের জন্য সার-সংক্ষেপ অনুমোদন করা হয়েছে। তবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আইনটির সার্বিক বিষয় পরীক্ষার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব(আইন) কে সভাপতি করে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরণ করা হয়েছে। আন্তঃমন্ত্রণালয় কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সিদ্ধান্ত মোতাবেক আরও একটি সভা আয়োজনের ব্যবস্থা নেয়া হচ্ছে। তাছাড়া যৌতুক নিরোধ আইন ২০১৭ এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং শেষে গত ১৩/১১/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে ফেরত এসেছে। চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা নেয়া হচ্ছে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |
| ৪.২ | **১৬/২/২০১৫ তারিখের বৈঠকঃ** সকল মন্ত্রণালয়/বিভাগকে ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া হয়। | সভায় বলা হয় মন্ত্রণালয়ে চলতি অর্থ-বছরে ২টি ই-টেন্ডার আহবান করা হয়েছে এবং পর্যায়ক্রমে আরো করা হবে। মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয় ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদনের সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে। গত ১৯ ও ২০ নভেম্বর বাংলাদেশ শিশু একাডেমীতে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রমে প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক, কর্মসূচী পরিচালকগকে ই-টেন্ডার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ভবিষ্যতেও এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান অব্যাহত থাকবে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |

৫. অন্যান্য আলোচ্যসূচিঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৫.১ | ডিজিটাল নথি ব্যবস্থাপনা সংক্রান্ত | সভাপতি বলেন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/একাডেমি অন-লাইনে দাপ্তরিক বিষয়াদি নিষ্পন্ন করতঃ অন-লাইনে পত্র জারি করবে এবং মন্ত্রণালয়ে প্রেরিত পত্র অন-লাইনে জারি করবে। তিনি বলেন, ১ম এক মাস দপ্তর/সংস্থা/একাডেমি থেকে মন্ত্রণালয়ে প্রেরিত পত্র সফট কপি ও হার্ড কপি উভয়ই পাঠাতে হবে এবং পরবর্তীতে কেবল মাত্র সফট কপি পাঠাবে। যে কোন সভার কার্যবিবরণী এবং অন্য মন্ত্রণালয়ে প্রেরিত বিষয়ের নথি হার্ড কপিসহ ই-ফাইলে উপস্থাপন করতে হবে। এছাড়া সচিব পর্যায়ে নিস্পত্তিযোগ্য নথি ই-ফাইলে এবং প্রতিমন্ত্রী পর্যায়ে নিস্পত্তিযোগ্য বিষয় ই-নথি ও হার্ড কপিতে উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে নথিটি কোন পর্যায়ে নিস্পত্তিযোগ্য তা উল্লেখ করতে হবে। | দপ্তর/সংস্থা/একাডেমি আগামী এক মাস মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের সফট কপি ও হার্ড কপি পাঠাবে এবং পরবর্তীতে কেবল মাত্র সফট কপি প্রেরণ করবে।<br>সভার কার্যবিবরণী এবং অন্য মন্ত্রণালয়ে প্রেরিত বিষয়ে নথি হার্ড কপি ও ই-ফাইলে উপস্থাপন করতে হবে। সচিব পর্যায়ে নিস্পত্তিযোগ্য নথি ই-ফাইলে এবং প্রতিমন্ত্রী পর্যায়ে নিস্পত্তিযোগ্য নথি ই-নথি ও হার্ড কপিতে উপস্থাপন করতে হবে। সকল ক্ষেত্রে নথিটি কোন পর্যায়ে নিস্পত্তিযোগ্য তা উল্লেখ করতে হবে। | • সকল কর্মকর্তা, মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক,বাশিএ। |
| ৫.২ | মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের কাজের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী) কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, সিদ্ধান্ত মোতাবেক অনুবিভাগ ভিত্তিক কর্মপরিকল্পনা পাওয়া যায়নি। সভাপতি বলেন অনুবিভাগ ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বুকলেট আকারে প্রকাশের জন্য অতিরিক্ত সচিব(প্রশাসন),অতিরিক্ত সচিব(শিশু) ও অতিরিক্ত সচিব(উন্নয়ন ও পরিকল্পনা) ব্যবস্থা নিতে পারেন। | অনুবিভাগ ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সমন্বিত করে বুকলেট আকারে প্রকাশ করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল)। |
| ৫.৩ | জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত | জাতীয় মহিলা সংস্থা হতে মেয়েদের খেলাধুলার বিষয়ে 'নারীর শারীরিক ও মানসিক বিকাশ সাধনে খেলাধুলার সুযোগ সৃষ্টি' শীর্ষক কর্মসূচি প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের পর অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বিষয়টি নিস্পন্ন করতে হবে।<br>প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার বিষয়টি যাচাই করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ▪ অতিরিক্ত সচিব (শিশু), মশিবিম।<br>▪ নির্বাহী পরিচালক, জামস। |
| ৫.৪ | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদকরণ বিষয়ে অতিঃসচিব(উন্ন: ও পরি:) সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে। একটি কর্মশালা করা হবে এবং মতামতের জন্য কর্মপরিকল্পনাটি সকলের মাঝে বিতরণ করা হবে। | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা দ্রুত হালনাগাদ করত: চূড়ান্ত করতে হবে। | অতিঃসচিব (উন্ন: ও পরিঃ), মশিবিম। |
| ৫.৫ | নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত | সভায় বলা হয় যে, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনাটি এসডিজি এবং ৭ম পঞ্চ বার্ষিক পরিকল্পনার আলোকে সংশোধনের লক্ষ্যে উপজেলা পর্যায়ে ৪টি, জেলা পর্যায়ে ৪টি, বিভাগীয় পর্যায়ে ২টি এবং জাতীয় পর্যায়ে ১টি কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | হয়েছে। এইসকল কর্মশালায় সরকারী সংস্থা, বেসরকারী সংগঠন, উন্নয়ন সহযোগী সংস্থা এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হবে। | | |
| ৫.৬ | জাতীয় শিশু নীতি-২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত | সভায় জানানো হয় যে, জাতীয় শিশু নীতি-২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | জাতীয় শিশু নীতি-২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | অতিঃ সচিব (শিশু), মশিবিম |
| ৫.৭ | ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, গত ২৪/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভায় ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দের প্রাক্কলন তৈরি পূর্বক উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাজেট প্রাক্কলন দ্রুত উপস্থাপন করতে হবে। | অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ), মশিবিম। |
| ৫.৮ | মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত | সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলছে। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন সংশ্লিষ্ট সকলকে APA সংক্রান্ত তথ্য যথাসময়ে প্রেরণ করতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষমাত্রা অর্জনে সকলকে তৎপর থাকতে হবে। | ▪ অতিঃসচিব (প্রশা:) মশিবিম।<br>▪ মহাপরিচালক, মবিঅ।<br>▪ নির্বাহী পরিচালক, জামস।<br>▪ পরিচালক,বাশিএ। |
| ৫.৯ | GRS সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি এবং জাতীয় মহিলা সংস্থায় নভেম্বর ২০১৭ মাসে কোন অভিযোগ দাখিল হয়নি। | অভিযোগের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীকে অবহিত করার কার্যক্রম চালু রাখতে হবে। | যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।<br>প্রোগ্রামার, মশিবিম। |
| ৫.১০ | অডিট আপত্তি সংক্রান্ত | সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির জন্য সচিবের পক্ষে অতিঃসচিব (প্রশাসন)কে ক্ষমতার্পণ করে Delegation of Power সংশোধন করা হয়েছে। | অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তি করতে হবে। | উপসচিব (অডিট), মশিবিম। |
| ৫.১১ | প্রতি জেলার কার্যক্রম পরিদর্শন সংক্রান্ত | জেলা ও উপজেলা পর্যায়ের কার্যক্রম পরিদর্শনের উপর গুরুত্ব আরোপ করে বলা হয় যে, অতিরিক্ত সচিবদের প্রধান করে গঠিত কমিটি কর্তৃক মাঠ পর্যায়ের সকল কার্যক্রম অন-লাইনে মনিটর/ভিজিট করার ব্যবস্থা নিতে হবে। সকলকে অন-লাইন ভিজিটের ফরম দিতে হবে। | মাঠ পর্যায়ের কার্যক্রম অনুবিভাগ ভিত্তিক অন-লাইনে মনিটর/ভিজিট করতে হবে। প্রোগ্রামার অন-লাইন ভিজিটের প্রতিবেদন প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | ▪ অতিঃসচিব(সকল), মশিবিম।<br>▪ প্রোগ্রামার, মশিবিম। |
| ৫.১২ | আজিমপুর শিশু বিকাশ কেন্দ্রের বাড়ী ভাড়া/ক্রয় সংক্রান্ত | পরিচালক, বাশিএ সভায় বলেন শিশু বিকাশ কেন্দ্রের জন্য বাড়ী ভাড়া/ক্রয়ের ব্যবস্থা নেয়া হচ্ছে। সভাপতি বলেন বিষয়টি দ্রুত নিস্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |
| ৫.১৩ | জয়িতা ফাউন্ডেশনের উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত | জয়িতা ফাউন্ডেশনের উদ্যোক্তাদের প্রশিক্ষণের ভেন্যু হিসেবে ব্যবহারের জন্য জিরানীতে অবস্থিত শহীদ শেখ ফজিলাতুন নেসা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমির পরিত্যক্ত পোলট্রি শেড সংস্কারের কার্যক্রম চলছে। সংস্কার কাজ সমাপ্তির পর প্রশিক্ষণ শুরু করা হবে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সম:), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৫.১৪ | মন্ত্রণালয়ে গাড়ীর সংখ্যা বৃদ্ধি সংক্রান্ত | সভায় সহঃ সচিব (প্রশাসন-২) বলেন, মন্ত্রণালয়ে গাড়ীর সংখ্যা বৃদ্ধির বিষয়ে চাহিত তথ্যাদি অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | বিষয়টি অনুসরণ করতে হবে। | সহ:সচিব(প্রশা-২), মশিবিম। |
| ৫.১৫ | মন্ত্রণালয়ের স্থান সংকট সংক্রান্ত | সভায় যুগ্মসচিব (প্রশাসন) বলেন, মন্ত্রণালয়ের স্থান সংকটের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃ সচিব (সমন্বয়), মশিবিম। |
| ৫.১৬ | NSSS সংক্রান্ত | মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন)কে আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত গণ্যে পরবর্তী সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যায়। | সহঃসচিব (সমন্বয়), মশিবিম। |
| ৫.১৭ | প্রশিক্ষণ সংক্রান্ত | সভায় জানানো হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৬০ ঘন্টা প্রশিক্ষণের অনুকরণে প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডার ২০১৭-১৮ অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। সভাপতি মন্ত্রণালয়ের অফিস সহায়কদেরকে তাদের কার্যক্রমের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। | প্রশিক্ষণ ক্যালেন্ডার যথাযথভাবে অনুসরণ করতে হবে। মন্ত্রণালয়ের অফিস সহায়কদের তাদের কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ▪অতিঃসচিব(প্রশা:) মশিবিম।<br>▪উপসচিব(প্রশিক্ষণ), মশিবিম। |
| ৫.১৮ | নাগরিক সেবা সহজীকরণ সংক্রান্ত | সভায় অবহিত করা হয় যে, নাগরিকদের সেবা সহজীকরণের জন্য ফরমসমূহ সহজ, তথ্যবহুল, সংক্ষিপ্ত ও হালনাগাদ করার কার্যক্রম চলমান রয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির বিদ্যমান ফরমসমূহ সংক্ষিপ্ত ও সহজ করে এক পৃষ্ঠায় করতে হবে এবং স্ব স্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | ▪ অতিঃসচিব (প্রশা:) মশিবিম।<br>▪ মহাপরিচালক, মবিঅ।<br>▪ নির্বাহী পরিচালক, জামস।<br>পরিচালক,বাশিএ। |
| ৫.১৯ | SDG সংক্রান্ত | সভাপতি বলেন SDG লক্ষ্য অর্জনের নিমিত্ত মন্ত্রণালয়ের ৬টি বিষয়কে অগ্রাধিকার প্রদান করা হয়েছে এবং ৬ জন উপ সচিবকে এসব বিষয়ে ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিঃ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরসহ আগামী এক মাসের মধ্যে SDG লক্ষ্য অর্জনের কর্মপরিকল্পনা প্রস্তুত করবেন মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | আগামী এক মাসের মধ্যে SDG লক্ষ্য অর্জনের নিমিত্ত মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। | ▪ অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ) মশিবিম।<br>▪ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ<br>▪ উপ-প্রধান(পরিঃ), মশিবিম। |
| ৫.২০ | জাতির পিতার ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ সংক্রান্ত | সভাপতি বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড রেজিস্টার"-এ অন্তর্ভূক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য'র" স্বীকৃতি লাভ করায় এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের অন্যতম সৎ ও কর্মঠ রাষ্ট্রপ্রধান নির্বাচিত হওয়ায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এর সভাপতিত্বে গত ১১ ডিসেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণে এক 'আনন্দ সমাবেশ' এর আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশ্ব মানবতার নেত্রী | বাংলাদেশ শিশু একাডেমি এবং মন্ত্রণালয়ের স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্রসমূহে বঙ্গবন্ধুর ৭ই মার্চ ঐতিহাসিক ভাষণ বিষয়ে তথ্য ফলক স্থাপনের ব্যবস্থা নিতে হবে। | ▪ অতিঃসচিব (প্রশা:) মশিবিম।<br>▪ মহাপরিচালক, মবিঅ।<br>▪ নির্বাহী পরিচালক, জামস।<br>▪ পরিচালক, বাশিএ। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের রাষ্ট্র ও সরকার প্রধানদের মধ্যে পরিশ্রমী, কর্মঠ ও সততার শীর্ষে অবস্থান করায় আমরা গর্বিত ও আনন্দিত। তিনি বলেন এই ভাষণ নিয়ে বাংলাদেশ শিশু একাডেমি এবং মন্ত্রণালয়ের স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্রসমূহে তথ্য ফলক স্থাপন করতে হবে। | | |

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং- ১৯/১২/২০১৭
(নাছিমা বেগম, এনডিসি)
সচিব

নং-৩২.০০.০০০০.০৪২.০০৬.০১৩.১৭-১৬৬৬

তারিখঃ ১৯/১২/২০১৭ খ্রিঃ।

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম।

কোহিনূর
১৯/১২/২০১৭
(কোহিনূর নাহার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। উপ-সচিব(বাঃ ও অঃ/শিশু/সেল/উন্নঃ-২/মবিঅ-২/শিপ্রায)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু ও সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্ম-সচিব (মবিঅ/উন্নয়ন/প্রশাসন/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।